# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২০

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬/ মোজার উপর মাসাহ করা

আরবী

أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ، دُحَيْمٌ وَسُلَيْمَانُ بْنُ دَاوُدَ ـ وَاللَّفْظُ لَهُ ـ عَنِ ابْنِ نَافِعٍ، عَنْ دَاوُدَ بْنِ قَيْسٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، قَالَ دَخَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَبِلاَلٌ الأَسْوَاقَ فَذَهَبَ لِحَاجَتِهِ ثُمَّ خَرَجَ قَالَ أُسَامَةُ فَسَأَلْتُ بِلاَلاً مَا صَنَعَ فَقَالَ بِلاَلٌ ذَهَبَ النَّبِيُّ صلى الله عليه وسلم لِحَاجَتِهِ ثُمَّ تَوَضَّأَ فَغَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ وَمَسَحَ بِرَأْسِهِ وَمَسَحَ عَلَى الْخُفَّيْنِ ثُمَّ صَلَّى .

বাংলা

১২০। আবদুর রহমান ইবনু ইবরাহীম দুহায়ম (রহঃ) ও সুলায়মান ইবনু দাউদ (রহঃ) ... উসামা ইবনু যায়দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং বিলাল (রাঃ) হারামে মদিনায় (আসওয়াক) প্রবেশ করেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পায়খানা-পেশাবের প্রয়োজনে বাইরে যান এবং কিছুক্ষণ পর ফিরে আসেন। উসামা (রাঃ) বলেনঃ আমি বিলাল (রাঃ) কে জিজ্ঞাসা করলাম, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে কি করেছেন? বিলাল (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার প্রয়োজনে বাইরে গিয়েছিলেন এবং ফিরে এসে উযূ (ওজু/অজু/অযু) করেন। তার মুখমণ্ডল ও হাত ধৌত করেন, মাথা ও মোজার উপর মাসেহ করেন। তারপর সালাত (নামায/নামাজ) আদায় করেন।

## English

It was narrated that Usamah bin Zaid said:
"The Messenger of Allah (ﷺ) and Bilal entered Al-Aswaf [1] and he went to relieve himself and then came out." Usamah said: "I asked Bilal: 'What did he do?' Bilal said: 'The Prophet (ﷺ) went to relieve himself, then he performed Wudu', so he washed his hands and face, and wiped his head and he wiped over his Khuffs, then prayed.'"

ফুটনোট

সহীহ, তা'লীকাত আল হাসান ২/ ৩০৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=9148

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন